ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক সংবাদপত্র



# রোজদিন



বাংলার মানুষের সাথে, মানুষের পাশে

ROSEDIN ● Vol. - 1 ● Issue - 185 ● Prgi No. : WBBEN/25/A1189 ● Govt. of India Reg No. : WB18D0018520 (UAN) ● ISBN No. : 978-93-5918-830-0 ● Website : www.rosedin.in

ই-পেপার ● বর্ষ ঃ ৫ ● সংখ্যা ঃ ৩৪১ ● কলকাতা ● ০৪ পৌষ, ১৪৩২ ● শনিবার ● ২০ ডিসেম্বর ২০২৫ ● পৃষ্ঠা - ৮ ● মূল্য - ৫ টাকা

## হিন্দু যুবকে খুন করে জ্বালিয়ে দেওয়া হল দেহ



**স্টাফ রিপোর্টার, রোজদিন**

অশান্ত বাংলাদেশে চরমে হিন্দু-নিধনের ঘটনা। বৃহস্পতিবার রাতে তৈরি হওয়া উত্তেজনার শিকার হলেন এক হিন্দু ব্যক্তি। ফিরে এল জুলাই গণঅভ্যুত্থানের স্মৃতি। পিটিয়ে দেহ জ্বালিয়ে দেওয়া হল সে দেশের এক সংখ্যালঘু ব্যক্তির। এবার এই ঘটনার নিন্দা করলেন অন্তর্বর্তী সরকারের প্রধান উপদেষ্টা মুহাম্মদ ইউনূসও। এই হিন্দু-নিধনের ঘটনায় মুখ খুলেছেন বাংলাদেশের অন্তর্বর্তী সরকারের প্রধান উপদেষ্টা মুহাম্মদ ইউনূস। অভিযুক্তদের কাউকে রেহাই দেওয়া হবে না বলেই জানিয়েছেন তিনি। এদিন প্রধান উপদেষ্টার প্রেস উইয়ং তরফে একটি বিবৃতিতে জানানো হয়েছে, 'এক হিন্দু ব্যক্তিকে পিটিয়ে হত্যার ঘটনায় আমরা গভীরভাবে নিন্দা জানাই। নতুন বাংলাদেশে এ ধরনের সহিংসতার কোনও স্থান নেই। এই নৃশংস অপরাধের সঙ্গে জড়িতদের কাউকেই ছাড় দেওয়া হবে না।' পাশাপাশি নাগরিকদের শান্ত থাকার আহ্বান জানিয়েছেন তিনি। শেখ হাসিনা

এরপর ৩ পাতায়

### পর্ব 148

## হিমালয়ের সমর্পণ যোগ



যত আগে যাচ্ছিলাম, জলের স্রোত কম কম হচ্ছিল কারণ জল বিভিন্ন স্থানে ভাগ হয়ে যাচ্ছিল।

পরে দেখলাম যে উপর থেকে জলের ফোঁটা পড়ছিল। আর হাজার বছর থেকে পড়ছিল, সেইজন্য যেখানে পড়ছিল, ছোট শিবলিঙ্গের মত আকার তৈরী হয়ে গিয়েছিল। পড়ন্ত জলের ফোঁটাতে যে খনিজ দ্রব্য হত, তা ঐ স্থানের উপর জমে যেত।

**ক্রমশঃ**



# মহাশ্বেতা দেবীর হাতে গড়া স্কুল এখন জঙ্গলে ভর্তি



**স্টাফ রিপোর্টার, রোজদিন**

শবর জাতির উন্নতি ছিল প্রখ্যাত সাহিত্যিক মহাশ্বেতা দেবীর জীবনের একমাত্র লক্ষ্য। তিনি জীবনের একটা বড়ো অংশ পুরুলিয়ায় শবর জাতির সঙ্গে সময় কাটান। পুরুলিয়া জেলার কাশীপুর বিধানসভার শবর জনজাতির মানুষজনদের মধ্যে শিক্ষার আলো পৌঁছে দিতে আজ থেকে প্রায় অর্ধ শতাব্দী বছর আগে মহাশ্বেতা দেবীর উদ্যোগে শুরু হওয়া বিদ্যালয় আজ অবহেলায় পড়ে রয়েছে। কাশীপুর বিধানসভার মতিপুর গ্রামের ঘন জঙ্গলের মধ্যে অবস্থিত এই বিদ্যালয়টি বর্তমানে জঙ্গলের আড়ালে প্রায় বিলীন হয়ে যেতে বসেছে। এই অবস্থা থেকে ওই স্কুলকে মুক্ত করতেই হবে।

এই বিদ্যালয়ে তৎকালীন শিক্ষকতার দায়িত্বে থাকা গ্রামের বাসিন্দা নারায়ণ চন্দ্র মাহাতো জানান, "মহাশ্বেতা দেবীর প্রত্যক্ষ উদ্যোগ ও অনুপ্রেরণায় বিদ্যালয়টির পথচলা শুরু হয়েছিল। প্রথম দিন থেকেই আমি এই বিদ্যালয়ে শিক্ষকতা করে এসেছি। প্রায় ১৫ বছর ধরে বিদ্যালয়টি সঠিকভাবে চলেছিল। কিন্তু ধীরে ধীরে শবর সম্প্রদায়ের ছেলেমেয়েরা নিয়মিত বিদ্যালয়ে আসা বন্ধ করে দিলে। একসময় বিদ্যালয়টি বন্ধ হয়ে যায়।"

বর্তমানে এই বিদ্যালয়টি খোলার বিষয়ে উদ্যোগী হয়েছেন স্থানীয় হুড়া গ্রাম পঞ্চায়েতের প্রধান সন্দীপ সিং সর্দার। তিনি জানান, মতিপুর গ্রামে বসবাসকারী শবর জনজাতির মানুষদের সঙ্গে কথা বলে বুঝতে পেরেছি, এখনও সেখানে এক-দুজন শিক্ষিত মানুষ রয়েছেন। তাদের হাত ধরেই এলাকার শিশুদের জীবনে আবার শিক্ষার আলো ফিরিয়ে আনতে চান তিনি। সন্দীপ সিং সর্দার আরও বলেন, "মহাশ্বেতা দেবীর উদ্যোগে গড়ে ওঠা এই বিদ্যালয় থেকেই আবার শিক্ষা ছড়িয়ে পড়ুক, এটাই আমার স্বপ্ন। বিদ্যালয়টি সংস্কার ও পুনরুজ্জীবিত করার জন্য আমি সর্বতোভাবে পাশে থাকব।"

# সরকার আমাদের গুলি করে মারুক, বাঁচতে চাই না', বাংলার বুকে দাঁড়িয়ে কেন বললেন বাংলাদেশের মহিলারা?

**স্টাফ রিপোর্টার, রোজদিন**

জ্বলছে বাংলাদেশ। উত্তপ্ত পরিস্থিতি। হাত জোড় করে কান্নায় ভেঙে পড়ে এদেশে থাকার আবেদন করছেন মহিলারা। ভয়ানক আতঙ্ক তাড়া করছে। কেউ অসুস্থ হয়ে পড়েছে। একের পর এক নির্যাতনের শিকার মহিলারা। দল বেঁধে ঘরে ঢুকে নির্যাতন। সম্পূর্ন নিঃস্ব হয়ে, এক কাপড়ে পালিয়ে যেতেন ভারতে। কেউ নাটোর, কেউ রাজশাহী, কেউ চাঁপাই নবাবগঞ্জের বাসিন্দা।ওখানে থাকলে মান সম্মান থাকত না। বাবাকে হুমকি দিচ্ছিল।" আরেক মহিলা বললেন, "নাইনে পড়ত। স্কুলে যেতে পারছিল না। স্কুলে গেলেই নানান জনে নানান কথা বলে, নির্যাতনের



শিকার। আমরা চাইছি, ভারত সরকার কিছু একটা ব্যবস্থা করে দিক, নাহলে আমাদের গুলি করে মেরে ফেলুক। আমরা আর বাংলাদেশে ফেরত যেতে চাই না।"পাসপোর্ট, ভিসা ছাড়াই, প্রাণ বাঁচাতে সম্ভ্রম বাঁচাতে ভারতে একের পর বাংলাদেশি পরিবার। বিশেষ করে নির্যাতনের শিকার মহিলারা। অভিযোগ, তাঁদের ঘরে ঢুকে চলছে অত্যাচার। মহিলারা বাইরে বেরোলেই ঘিরে ধরে অশ্রাব্য গালিগালাজ। অশালীন কটূক্তি। বাদ নেই নাবালিকা ছাত্রীরাও। হিন্দু হলেই অত্যাচার। আর যদি আওয়ামী লিগের সমর্থক হয় পরিবার, সেই পরিবারের ওপর অকথ্য অত্যাচার।

প্রকাশ্যে নারী নির্যাতন, জ্বালিয়ে দেওয়া হচ্ছে ঘর বাড়ি দোকান। পালাচ্ছেন হিন্দুরা। কোনওক্রমে মালদহে ঢুকে কান্নায় ভেঙে পড়ছেন বাংলাদেশি মহিলারা। কেউ কেউ হাত জোড় করে বলছেন, তাঁদের এদেশেই থাকতে দিন নইলে গুলি করে মেরে দিন। ওই দেশে পাঠাবেন না। এক মহিলা বলেন, "ভাত বসিয়েছিলাম উনুনে। সে সময়েই হামলা। কোনও রকমে রাতে লোকে ঘুমিয়ে পড়লে হাঁটতে হাঁটতে চলে আসি।

# অষ্টাদশ লোকসভার ষষ্ঠ অধিবেশন শেষ হল

**নয়াদিল্লি, ১৯ ডিসেম্বর, ২০২৫**

অষ্টাদশ লোকসভার ষষ্ঠ অধিবেশন আজ শেষ হল। অধিবেশন শুরু হয় পয়লা ডিসেম্বর। এই পরিপ্রেক্ষিতে লোকসভার অধ্যক্ষ শ্রী ওম বিড়লা জানিয়েছেন, এই অধিবেশনে ১৫ দিন কাজ হয়েছে। কাজের মোট সময়সীমা হল ৯২ ঘন্টা ২৫ মিনিট।

তিনি জানান, এবারের অধিবেশনের কার্যকারিতা ১১১ শতাংশ। ১০টি সরকারী বিল সভায় পেশ হয়েছে। অধিবেশনে ৮টি বিল পাশ হয়েছে। পাশ হওয়া বিলগুলি হল,

১) মণিপুর পণ্য পরিষেবা কর (দ্বিতীয় সংশোধনী) বিল, ২০২৫

২) কেন্দ্রীয় শুল্ক (সংশোধনী) বিল, ২০২৫

৩) স্বাস্থ্য সুরক্ষা থেকে জাতীয় সুরক্ষা সেস বিল, ২০২৫

৪) বরাদ্দ (সংখ্যা ৪) বিল, ২০২৫

৫) রহিতকরণ এবং সংশোধনী বিল, ২০২৫

৬) সবকা বিমা সবকি রক্ষা (বিমা আইনে সংশোধনী) বিল, ২০২৫

৭) সাসটেইনেবল হার্নেসিং অ্যান্ড অ্যাডভান্সমেন্ট অফ নিউক্লিয়ার এনার্জি ফর ট্রান্সফরমিং ইন্ডিয়া বিল, ২০২৫

৮) বিকশিত ভারত – গ্যারেন্টি ফর রোজগার অ্যান্ড আজীবিকা মিশন (গ্রামীণ) : ভি বি – জি রাম জি (বিকসিত ভারত—জী রাম জী) বিল, ২০২৫

১৫ ডিসেম্বর ২০২৫-এ অতিরিক্ত বরাদ্দের চাহিদা সংক্রান্ত বরাদ্দ বিল (সংখ্যা ৪)

এরপর ৪ পাতায়

(১ম পাতার পর)

# হিন্দু যুবককে খুন করে জ্বালিয়ে দেওয়া হল দেহ

ক্ষমতাচ্যুত হওয়ার পর থেকেই বাংলাদেশ হয়ে উঠেছে বিদ্বেষের দেশ। উত্তেজনা চড়লেই সঙ্কটের মুখে পড়েন সেদেশের হিন্দু নাগরিকরা। বৃহস্পতিবার হাদির মৃত্যুর হাত ধরেই যেন ফিরে এল বাংলাদেশের সেই ছবি। গত ১২ ডিসেম্বর ঢাকার রাজপথে মাথায় লক্ষ্য করে গুলি করা হয়েছিল ইনকিলাব মঞ্চের আহ্বায়ক ওসমান হাদিকে।

যেহেতু জুলাই গণঅভ্যুত্থানের অন্যতম মুখ ছিলেন হাদি, সেহেতু তাঁর রাজনৈতিক পরিচয়কে মাথায় রেখে সরকারি উদ্যোগে তাঁকে চিকিৎসার জন্য সিঙ্গাপুরে পাঠানো হয়। কিন্তু মাথায় গুলি লাগায় হাদির শারীরিক পরিস্থিতি অত্যন্ত সঙ্কটজনক ছিল। অবশেষে বৃহস্পতিবার রাতে মৃত্যু হয় ওসমান হাদির। তারপরই বাংলাদেশ জুড়ে শুরু হয় ভারতবিরোধী স্লোগান।

পথের দখল নেয় একাংশের উগ্রপন্থীরা। এই সময়ই ময়মনসিংহের ভালুকায় হামলার শিকার হন এক হিন্দু ব্যক্তি। নাম দীপু দাস। বাংলাদেশের সংবাদমাধ্যম 'দৈনিক ইত্তেফাক'-এর একটি প্রতিবেদন অনুযায়ী, ধর্ম অবমাননার অভিযোগ ওই হিন্দু যুবককে পিটিয়ে হত্যা করেন একদল দুষ্কৃতী। এমনকি পিটিয়ে হত্যার পর তাঁর দেহ গাছে বেঁধে তাতেই আগুন ধরিয়ে দেয় উগ্রপন্থীরা।

এই ঘটনায় ইতিমধ্যে থানায় লিখিত অভিযোগ দায়ের হয়েছে। ভালুকা থানার অফিসার রিপন মিয়া জানিয়েছেন, 'ধর্মীয় কটূক্তি করার কারণে এই হামলা করা হয়েছে বলেই শুনলাম। তদন্ত চলছে।'

# প্রায় ৩২০০ কোটি টাকার ২টি জাতীয় সড়ক প্রকল্পের শিলান্যাস ও উদ্বোধন করবেন প্রধানমন্ত্রী

**নয়াদিল্লি, ১৯ ডিসেম্বর, ২০২৫**

প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী আগামীকাল পশ্চিমবঙ্গে আসছেন। সকাল ১১টা নাগাদ নদীয়া জেলার রানাঘাটে তিনি জাতীয় সড়ক প্রকল্পের শিলান্যাস ও উদ্বোধন করবেন।

প্রধানমন্ত্রী প্রায় ৩ হাজার ২০০ কোটি টাকার ২টি জাতীয় সড়ক প্রকল্পের উদ্বোধন ও শিলান্যাস করবেন। ৩৪ নম্বর জাতীয় সড়কে ৬৬.৭ কিলোমিটার দীর্ঘ বড় জাগুলিয়া-কৃষ্ণনগরের মধ্যে সংযোগকারী চার লেনের রাস্তার উদ্বোধন করবেন তিনি।

এরপর ৬ পাতায়

# জলযান সুরক্ষা এবং বন্দর সুবিধার্থে একটি বিশেষ সংস্থা, দ্য ব্যুরো অফ পোর্ট সিকিউরিটি গঠনের বৈঠকে অমিত শাহ

**নয়াদিল্লি, ১৯ ডিসেম্বর, ২০২৫**

কেন্দ্রীয় স্বরাষ্ট্র ও সমবায় মন্ত্রী শ্রী অমিত শাহ জলযান সুরক্ষা এবং বন্দর সুবিধা প্রতিবিধানে একটি বিশেষ সংস্থা, দ্য ব্যুরো অফ পোর্ট সিকিউরিটি গঠনে বৈঠক ডাকেন। বন্দর, জাহাজ এবং জলপথ দপ্তরের কেন্দ্রীয় মন্ত্রী এবং অসামরিক বিমান চলাচল মন্ত্রী বৈঠকে অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন।

বৈঠকে শ্রী শাহ দেশজুড়ে বন্দর সুরক্ষায় এক বৃহৎ পরিকাঠামো গড়ে তোলার আহ্বান জানান। বাণিজ্য সম্ভাবনা, স্থানীয় এলাকা এবং অন্যান্য প্রাসঙ্গিক নির্ণায়কের ভিত্তিতে ঝুঁকি নিয়ন্ত্রণ সহ সুরক্ষা বন্দোবস্তকে বিভিন্ন ভাগে রূপায়ণের ওপরে জোর দিয়েছেন তিনি। দ্য ব্যুরো অফ পোর্ট সিকিউরিটি (বিওপিএস) একটি বিধিবদ্ধ সংস্থা হিসেবে নতুন লাগু হওয়া মার্চেন্ট শিপিং আইন ২০২৫-এর আওতার ১৩ নম্বর ধারার অধীনে গঠিত হবে। এই ব্যুরোর নেতৃত্বে থাকবেন একজন মহা নির্দেশক। সংস্থাটি বন্দর, জাহাজ এবং জলপথ মন্ত্রকের অধীনে গড়ে ওঠবে। জাহাজ সুরক্ষা এবং বন্দর সুবিধা সংক্রান্ত বিভিন্ন দায়িত্ব পালনে এই সংস্থা দায়বদ্ধ থাকবে। ব্যুরো অফ সিভিল অ্যাভিয়েশন সিকিউরিটি (বিসিএএস) মতন এই ব্যুরোকেও গড়ে তোলা হবে। প্রাথমিকভাবে এর নেতৃত্ব দেবে একজন আইপিএস আধিকারিক (পে লেভল - ১৫) । একবছরের সময়সীমা শেষে জাহাজ চলাচল

এরপর ৬ পাতায়




## সম্পাদকীয়

### জ্বলছে বাংলাদেশ, সব নজর রাখছে ভারত

তপ্ত পরিস্থিতি বাংলাদেশের। ভারত-বিরোধী নেতা ওসমান হাদির মৃত্যুর পর ফের ফুঁসে উঠেছে পড়শি সেই দেশ। গতকাল অর্থাৎ বৃহস্পতিবার রাত থেকেই তপ্ত পরিস্থিতি সেখানে। জ্বালিয়ে দেওয়া হয়েছে প্রথম সারির সংবাদ-মাধ্যমের অফিস। এমনকী, একের পর এক ভারত বিরোধী মন্তব্য করছেন কট্টরপন্থীরা।

যারা শেখ হাসিনাকে আশ্রয়, প্রশ্রয় দিচ্ছে, অর্থ-প্রশিক্ষণ দিচ্ছে, তাদের উচিত শিক্ষা দিতে হবে।" এই ধরনের মন্তব্যের পর তৎপর হয় দিল্লি। বাংলাদেশের হাই কমিশনার মহম্মদ রিয়াজ হামিদুল্লাহকে তলব করা হয়। পরিষ্কার জানিয়ে দেওয়া হয় এই ধরনের উস্কানিমূলক মন্তব্য ভারত বরদাস্ত করবে না। কিন্তু তারপরও যে ইউনূসের বাংলাদেশের কানে সেই কথা যে পৌঁছয়নি গতকালের ঘটনা তারই প্রমাণ।এই অবস্থায় পরিস্থিতি কোন দিকে যায় সেই দিকে কড়া নজর রাখছে ভারত। সূত্রের খবর ঢাকা, চট্টগ্রাম,খুলনা বিভিন্ন জায়গায় যেখানে ভারতীয় হাইকমিশনের অফিস রয়েছে, সেখানে যে সমস্ত ভারতীয় অফিসাররা রয়েছেন তাঁদের নিরাপত্তা সুনিশ্চিত করার দিকে নজর রাখছে নয়া দিল্লি। বস্তুত, যে সময় ভারতের সেভেন সিস্টার্সকে আলাদা করে দেওয়ার হুমকি দিয়েছিলেন সে দেশের এনসিপি নেতা, সেই সময়ই বাংলাদেশকে নয়া দিল্লি বুঝিয়ে দিয়েছিল কোনও রকম উস্কানিমূলক মন্তব্য বরদাস্ত করা হবে না। কিন্তু তারপরও দেখা যাচ্ছে একের এক ভারত বিদ্বেষী মন্তব্য করেই চলেছে সেখানকার একাংশ নেতা।

এমনকী, ভারতের হাইকমিশনেও ইট-পাথর ছোড়া হয়েছে। এই পরিস্থিতি কোন দিকে যায় সেই নজরই রাখছে দিল্লি। ইতিমধ্যেই বন্ধ ভিসা সেন্টার। পরিস্থিতি আরও বেগতিক হলে আরও কঠোর পদক্ষেপ করা হতেই পারে।


গতকাল রাতে ভারতীয় হাইকমিশানের সামনে কট্টরপন্থীদের বিক্ষোভ চলেছে। কখনও-কখনও সেই বিক্ষোভ আক্রমণাত্মক হয়েছে। কিছুক্ষণ আগে (১০.২০ মিনিট) খবর এসেছে, চট্টোগ্রামে ডেপুটি হাই-কমিশনারের বাসভবনের উপর হামলা চালানোর ডাক দেওয়া হয়েছে। সেখানকার অফিস বিভিন্ন দিক থেকে ঘিরে যাতে ফেলা হয় তার ডাক দেওয়া হয়েছে।

তাই গোটা পরিস্থিতির উপর নজর রাখছে নয়া দিল্লি। সূত্রের খবর ঢাকা, চট্টগ্রাম, খুলনা বিভিন্ন জায়গায় ভিসা কেন্দ্র আজও বন্ধ রাখা হতে পারে। এখানে উল্লেখ্য, সম্প্রতি ভারতের সেভেন সিস্টার্সকে আলাদা করে দেওয়ার হুমকি দিয়েছিলেন সে দেশের এনসিপি নেতা হাসনাত। ইনকিলাব মঞ্চের একটি আয়োজিত মিছিলে হাসনাত বলেন, "ভারতের সব বিচ্ছিন্নতাবাদী শক্তিকে প্রয়োজনে বাংলাদেশে আশ্রয় দিয়ে সেভেন সিস্টার্সকে আলাদা করে দেব।

# বিপদে পড়লে স্মরণ করো রক্ষা করবে ব্রহ্মচারী বাবা লোকনাথ



মৃত্যুঞ্জয় সরদার
(একচল্লিশতম পর্ব)



যা “হরি লুট” নামে পরিচিত। এছাড়া দিন ব্যাপী চলে গীতা পাঠ, বাল্যভোগ, লোকনাথের জীবন বৃত্তান্ত পাঠ, রাজভোগ, প্রসাদ বিতরণ ও আরতী কীর্তনসহ ধর্মীয় নানা অনুষ্ঠান।শ্রী শ্রী বাবা লোকনাথ ব্রহ্মচারীর আশ্রমের দক্ষিণের উঠানে তাঁর সমাধিস্থলের পশ্চিমে শত বৎসর ধরে কালের সাক্ষী হয়ে দাঁড়িয়ে আছে বিশাল আকৃতির একটি

ক্রমশঃ

**(লেখকের অভিমতের জন্য লেখক দায়বদ্ধ)**

(২ পাতার পর)

# অষ্টাদশ লোকসভার ষষ্ঠ অধিবেশন শেষ হল

বিল, ২০২৫ নিয়ে আলোচনার পর ভোটাভুটিতে বিলটি গৃহীত হয়।

৮ ডিসেম্বর প্রধানমন্ত্রী বন্দে মাতরম জাতীয় গানের ১৫০ বছর পূর্তি নিয়ে আলোচনার সূত্রপাত করেন। এই নিয়ে ১১ ঘন্টা ৩২ মিনিট আলোচনা হয়। ৬৫ জন সদস্য আলোচনায় যোগ দেন। অনুরূপভাবে নির্বাচনী সংস্কার নিয়ে আলোচনা হয় ৯ এবং ১০ ডিসেম্বর। প্রায় ১৩ ঘন্টা ধরে আলোচনা হয়। ৬৩ জন সদস্য আলোচনায় যোগ দেন। এই অধিবেশনে ৩০০টি তারকা চিহ্নিত প্রশ্ন গৃহীত হয়েছে। এরমধ্যে ৭২টি মৌখিক উত্তর দেওয়া হয়েছে। সভা শূণ্য আওয়ারে জন গুরুত্ব নিয়ে ৪০৮টি বিষয় সভায় সদস্যরা তুলে ধরেছেন। এরমধ্যে ৩৭৭ ধারার অধীন মোট ৩৭২টি বিষয় নিয়ে আলোচনা হয়েছে। এবারের অধিবেশনে ৭৩এ নির্দেশিকার অধীন ৩৫টি বিবৃতি দেওয়া হয়েছে। দুটি বিবৃতি দেওয়া হয়েছে ৩৭২ ধারার অধীন। একটি বিবৃতি সংসদ বিষয়ক মন্ত্রীর।

২রা ডিসেম্বর জর্জিয়ার সংসদের চেয়ারম্যান সালভা পাপুয়াসিভিলির নেতৃত্বে এক প্রতিনিধি দলের সরকারি সফরে সংসদে তাঁদের হার্দিক শুভেচ্ছা জানানো হয়।

## বাংলা হচ্ছে মাতৃ শক্তি উপাসনার সেরা ভূমি



-: মৃত্যুঞ্জয় সরদার :-

সাধনার সময় মানসচক্ষে এইরূপ দেবতার দর্শন ঘটিলে সাধক প্রায়ই ভয়ে ভীত হইয়া সাধনা পরিত্যাগ করেন, কিংবা সংজ্ঞাহীন অবস্থা প্রাপ্ত হন। ...

দুটি চিত্রই বিনয়তোষের বই থেকে।

ক্রমশঃ

**• সতর্কীকরণ •**

এই পত্রিকায় প্রকাশিত সমস্ত বিজ্ঞাপনের দায় বিজ্ঞাপনদাতার পাঠকদের যথাযথ অনুসন্ধানের পর আস্থা স্থাপনের অনুরোধ জানাই। বিজ্ঞাপনদাতার ওপর বিশ্বাস রেখে বিজ্ঞাপন ছাপানো হয়। এই ব্যাপারে পত্রিকা কোনো রকম দায়িত্ব নেবে না।

# সেভেন সিস্টার্স নিয়ে হাসনাতের মন্তব্যে চটলেন শশী থারুর




**স্টাফ রিপোর্টার, রোজদিন**

বাংলাদেশে চলমান ভারতবিরোধী বিক্ষোভ প্রসঙ্গে কংগ্রেস সংসদ সদস্য শশী থারুর বলেছেন, "আমরা উদ্বিগ্ন। বাংলাদেশে কিছু দায়িত্বজ্ঞানহীন পক্ষ রয়েছে যারা অত্যন্ত মূর্খতাসম্পন্ন কথা বলছে।" "সম্প্রতি আপনারা একজন ছাত্র নেতার বিবৃতি দেখেছেন যেখানে সে ভারতের বাকি অংশ থেকে সেভেন সিস্টার্সকে (উত্তর-পূর্বাঞ্চলীয় সাতটি রাজ্য) বিচ্ছিন্ন করার কথা বলছে। এভাবে কথা বলার সে কে? কিন্তু মানুষ এসব করছে, আর তাই আমরা অত্যন্ত সচেতন যে এ ধরনের উপাদানগুলো এখন লাগামহীন হয়ে পড়েছে", বলেন তিনি।

থারুর আরও বলেন, "আমরা আশা করি বাংলাদেশের কর্তৃপক্ষ ভারতের মৌলিক স্বার্থ যাতে ক্ষুণ্ণ না হয় তা নিশ্চিত করতে গঠনমূলক পদক্ষেপ নেবে। ঠিক একইভাবে, আমরাও বাংলাদেশে স্থিতিশীলতা, শান্তি ও গণতন্ত্রের সমর্থনে আমাদের ভূমিকা পালন নিশ্চিত করব।"

সম্প্রতি জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) দক্ষিণাঞ্চলের মুখ্য সংগঠক ও বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের অন্যতম নেতা হাসনাত আবদুল্লাহর একটি মন্তব্য নিয়ে ভারতে বেশ বিতর্ক তৈরি হয়েছে, যার প্রেক্ষিতে শশী থারুর ওই কড়া প্রতিক্রিয়া জানান।

বাংলাদেশের অভ্যন্তরীণ অস্থিতিশীলতা সৃষ্টি ও নির্বাচন বানচালের ষড়যন্ত্রকারীদের ভারত আশ্রয় দিচ্ছে, এমন অভিযোগ তুলে ভারতের উত্তর-পূর্বাঞ্চলীয় সেভেন সিস্টার্স রাজ্যগুলোকে আলাদা করে দেওয়ার হুঁশিয়ারি দেন এনসিপির এই শীর্ষ নেতা। গত সোমবার (১৫ ডিসেম্বর) রাজধানীর কেন্দ্রীয় শহীদ মিনারে আয়োজিত এক সর্বদলীয় সমাবেশে তিনি হুঁশিয়ারি দেন।

সমাবেশে অভিযোগের সুরে হাসনাত আব্দুল্লাহ বলেন, 'বাংলাদেশে যারা বিশৃঙ্খলা সৃষ্টি করে, সন্ত্রাস চালায়, ভোটচুরি করে এবং হাদিকে হত্যা করেছে—তাদের আশ্রয়-প্রশ্রয় ও পৃষ্ঠপোষকতা দিচ্ছে ভারত। দেশের পরিবেশ অস্থিতিশীল ও নির্বাচন বানচালের অপচেষ্টা চলছে।'ভারতকে সরাসরি উদ্দেশ করে তিনি বলেন, 'যারা বাংলাদেশের সার্বভৌমত্ব, ভোটাধিকার ও মানবাধিকারকে বিশ্বাস করে না—তাদেরকে আশ্রয় দিলে আমরাও বাংলাদেশে ভারতের বিচ্ছিন্নতাবাদীদের আশ্রয় দিয়ে সেভেন সিস্টার্স আলাদা করে দেব।'

# প্রধানমন্ত্রী গোয়ার মুক্তি দিবসে স্বাধীনতা সংগ্রামীদের আত্মত্যাগকে স্মরণ করেছেন




**নতুন দিল্লি, ১৯ ডিসেম্বর, ২০২৫**

প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী বলেছেন, ভারতের জাতীয় জীবনের যাত্রা পথে গোয়ার মুক্তি দিবস বিশেষ গুরুত্বপূর্ণ। স্বাধীনতা অর্জনের জন্য যাঁরা তাঁদের অদম্য মানসিকতার পরিচয় দিয়েছেন এবং সাহসের সঙ্গে অবিচার ও স্বাধীনতার জন্য লড়াই করেছেন তাঁদের কথা স্মরণ করেন তিনি। প্রধানমন্ত্রী বলেন, তাঁদের আত্মবলিদান দেশকে অনুপ্রাণিত করবে। গোয়ার সার্বিক উন্নতিতেও এই মানসিকতা সহায়ক হবে।

সামাজিক মাধ্যম এক্স-এ এক বার্তায় প্রধানমন্ত্রী বলেছেন;

"ভারতের জাতীয় জীবনের যাত্রা পথে গোয়ার মুক্তি দিবস বিশেষ গুরুত্বপূর্ণ। স্বাধীনতা অর্জনের জন্য যাঁরা তাঁদের অদম্য মানসিকতার পরিচয় দিয়েছেন এবং সাহসের সঙ্গে অবিচার ও স্বাধীনতার জন্য লড়াই করেছেন তাঁদের কথা আমরা স্মরণ করি। তাঁদের আত্মবলিদান দেশকে অনুপ্রাণিত করবে। গোয়ার সার্বিক উন্নতিতে এই মানসিকতা সহায়ক হবে।"




পত্রিকা দপ্তর ও কুইনপ্রেসে চিঠিপত্র, লেখালেখি ও সংবাদ পাঠাতে হলে যোগাযোগ করুন নিচের দেওয়া ঠিকানা ও মোবাইল নম্বরে

কুইন প্রেস ও পত্রিকা দপ্তর

Editor
Mrityunjoy Sardar
C/o, Lalu Sardar
Village:Hedia
P.O.:Uttar Moukhali
P.S. : Jibantala
District :South 24 Parganas
Pin:743329(W.B)
Mobile : 9564382031

# ভেনেজুয়েলার সঙ্গে যুদ্ধের ইঙ্গিত দিলেন ট্রাম্প

**স্টাফ রিপোর্টার, রোজদিন**

মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প বলেছেন, ভেনেজুয়েলার সঙ্গে যুদ্ধের সম্ভাবনা উড়িয়ে দেওয়া যাচ্ছে না। শুক্রবার মার্কিন সংবাদমাধ্যম এনবিসি নিউজকে দেওয়া টেলিফোন সাক্ষাৎকারে তিনি এ মন্তব্য করেন।

সাক্ষাৎকারে ভেনেজুয়েলা পরিস্থিতি নিয়ে প্রশ্ন করা হলে ট্রাম্প বলেন, আমি এটা নাকচ করছি না। তিনি জানান, ভেনেজুয়েলার জলসীমার কাছাকাছি আরও তেলবাহী ট্যাংকার জব্দ করা হবে।

যুদ্ধের সম্ভাবনা নিয়ে প্রশ্নের মুখে ট্রাম্প প্রথমে সরাসরি উত্তর দেননি। তবে একাধিকবার জানতে চাইলে তিনি বলেন, আমি এ নিয়ে কথা বলি না। এরপরও নিশ্চিত করেন যুদ্ধের সম্ভাবনা উড়িয়ে দেওয়া যায় না এবং



আরও ট্যাংকার জব্দ হবে।

সময়সূচি জানতে চাইলে ট্রাম্প বলেন, এটা নির্ভর করে। তারা যদি এভাবে বোকামি করে চলতে থাকে, তাহলে তারা আমাদের কোনো একটি বন্দরে নোঙর করবে।

মাদুরোকে ক্ষমতাচ্যুত করা তার লক্ষ্য কি না, এমন প্রশ্নেও ট্রাম্প সরাসরি উত্তর দেননি। তিনি বলেন, তিনি জানেন আমি কী চাই, সবার চেয়ে ভালো তিনিই জানেন।

ভেনেজুয়েলার সঙ্গে যুদ্ধ সম্ভাবনা নাকচ না করা প্রসঙ্গে পর্যবেক্ষকেরা বলছেন, বিষয়টি তাৎপর্যপূর্ণ। কারণ দীর্ঘদিন ধরেই রিপাবলিকান পার্টির যুদ্ধপ্রবণ অংশ থেকে নিজেকে দূরে রাখার চেষ্টা করেছেন ট্রাম্প। নির্বাচনের প্রচারণায় যুক্তরাষ্ট্রকে বিদেশি সংঘাত থেকে দূরে রাখার প্রতিশ্রুতিও দিয়েছিলেন তিনি।

নির্বাচনে জয়ের পর দেওয়া ভাষণে ট্রাম্প বলেছিলেন, নতুন করে যুদ্ধ শুরু করবেন না বরং যুদ্ধ থামাবেন।

এর আগে গত মঙ্গলবার যুক্তরাষ্ট্র ভেনেজুয়েলায় যাতায়াতকারী নিষেধাজ্ঞার আওতাধীন তেলবাহী ট্যাংকারগুলোর বিরুদ্ধে অবরোধ আরোপের নির্দেশ দেয়। এতে ভেনেজুয়েলার প্রেসিডেন্ট নিকোলাস মাদুরোর ওপর চাপ বাড়ানো হচ্ছে। এছাড়া ভেনেজুয়েলার কাছাকাছি এলাকা থেকে আটক করা একটি তেলবাহী ট্যাংকারও জব্দ করেছে যুক্তরাষ্ট্র।

উত্তেজনা শুরুর পর থেকে এখন পর্যন্ত মার্কিন সামরিক বাহিনী ভেনেজুয়েলার উপকূলে ২৮টি নৌযানে হামলা চালিয়েছে। এসব হামলায় শতাধিক মানুষ নিহত হয়েছেন।

(৩ পাতার পর)

## প্রায় ৩২০০ কোটি টাকার ২টি জাতীয় সড়ক প্রকল্পের শিলান্যাস ও উদ্বোধন করবেন প্রধানমন্ত্রী

অন্যদিকে, উত্তর ২৪ পরগনার বারাসাত থেকে বড় জাগুলিয়া পর্যন্ত ১৭.৬ কিলোমিটার দীর্ঘ চার লেনের রাস্তারও ভিত্তিপ্রস্তর স্থাপন করবেন তিনি।

কলকাতা ও শিলিগুড়ির মধ্যে যোগাযোগের ক্ষেত্রে এই ২টি প্রকল্প অত্যন্ত গুরুত্বপূর্ণ। এর ফলে, যাতায়াতের সময় প্রায় ২ ঘন্টা কমবে এবং যান চলাচল আরও মসৃণ ও দ্রুতগতির হবে। সেইসঙ্গে, কলকাতার সঙ্গে পার্শ্ববর্তী জেলাগুলির যোগাযোগের ক্ষেত্রেও এই প্রকল্প বিশেষ ভূমিকা নেবে।

(৩ পাতার পর)

## জলযান সুরক্ষা এবং বন্দর সুবিধার্থে একটি বিশেষ সংস্থা, দ্য ব্যুরো অফ পোর্ট সিকিউরিটি গঠনের বৈঠকে অমিত শাহ

মহানির্দেশক (ডিজিএস/ ডিজিএমএ) এই বিওপিএস-এর মহা নির্দেশকের দায়িত্ব পালন করবেন।

বিওপিএস-এর কাজ হবে সময় ধরে বিভিন্ন তথ্যের পর্যালোচনার পাশাপাশি সুরক্ষা সংক্রান্ত বিভিন্ন তথ্যের আদানপ্রদান। বিশেষ নজর দেওয়া হবে সাইবার সুরক্ষা, বন্দরের তথ্য প্রযুক্তিকে ডিজিটাল হুমকি থেকে সুরক্ষা বিধান। বন্দর সুরক্ষা পরিকাঠামোকে সুরক্ষিত করতে সেন্ট্রাল ইন্ডাস্ট্রিয়াল সিকিউরিটি ফোর্স (সিআইএসএফ) যা বন্দর সুরক্ষায় একটা নিরাপত্তা সংস্থা হিসেবে স্বীকৃত তারা নিরাপত্তা সংক্রান্ত পর্যালোচনা এবং বন্দর সুরক্ষার প্রস্তুতি তৈরি করবে।

সিআইএসএফ-কে বন্দরের নিরাপত্তার কাজে নিযুক্ত বেসরকারি সুরক্ষা সংস্থাগুলি দক্ষতা বিকাশে প্রশিক্ষণের দায়িত্ব দেওয়া হয়েছে। কেবলমাত্র লাইসেন্স প্রাপ্ত বেসরকারি সুরক্ষা সংস্থাগুলি যাতে এই ক্ষেত্রে নিযুক্ত হতে পারে তার নিশ্চয়তা বিধান করা হবে। বৈঠকে আরও সিদ্ধান্ত হয়েছে যে, সমুদ্র বন্দর সুরক্ষা পরিকাঠামো থেকে অর্জিত শিক্ষাকে অসামরিক বিমান পরিষেবা ক্ষেত্রেও অনুরূপভাবে কাজে লাগানো হবে।

## গোয়া মুক্তি দিবসে গোয়ার জনসাধারণকে অমিত শাহের শুভেচ্ছা

**নয়াদিল্লি, ১৯ ডিসেম্বর, ২০২৫**

কেন্দ্রীয় স্বরাষ্ট্র এবং সমবায় মন্ত্রী শ্রী অমিত শাহ গোয়ার জনসাধারণকে গোয়া মুক্তি দিবসের শুভেচ্ছা জানিয়েছেন।

এক্স সমাজ মাধ্যমে একটি পোস্টে শ্রী শাহ বলেছেন,

“গোয়া মুক্তি দিবসে গোয়ার জনসাধারণকে আন্তরিক শুভেচ্ছা। বর্তমান প্রজন্ম হয়তো জানেন না ১৯৬১ সাল পর্যন্ত গোয়া যেতে হলে ভারতীয়দের অনুমতির দরকার হতো। প্রভাকর বৈদ্য, বালা রায়া মাপারি, নানাজি দেশমুখ এবং জগন্নাথ রাও যোশীর মতন মহান মানুষেরা এর বিরুদ্ধে রুখে দাঁড়ান এবং গোয়ার মুক্তির লড়াইয়ে সামিল হন। আমাদের দেশপ্রেমিদের মহান আত্মত্যাগের পর গোয়া ভারতের অবিচ্ছেদ্য অঙ্গ হয়ে ওঠে। আন্তরিক কৃতজ্ঞতা সহ এই মহান মানুষদের প্রতি আমি প্রণতি জানাই গোয়ার মুক্তির জন্য যাঁদের অনেক কষ্ট সহ্য করতে হয়েছিল।”

# সিনেমার খবর

## ধর্মেন্দ্রর জন্মদিনে আবেগঘন পোস্ট ববির

স্টাফ রিপোর্টার, রোজদিন



ধর্মেন্দ্রর প্রয়াণের পর এই প্রথম বাবার স্মৃতিতে সোশ্যাল মিডিয়ায় কোনো পোস্ট করলেন অভিনেতা ববি দেওল। কবিতার ছন্দে হৃদয়ের সব ভালোবাসা উজাড় করে বাবাকে স্মরণ করলেন তিনি। বেঁচে থাকলে আজ ৯০তম জন্মদিন পালিত হতো বলিউডের 'হি-ম্যান' খ্যাত এই কিংবদন্তি অভিনেতার। কিন্তু জন্মদিনের ঠিক ১৪ দিন আগেই প্রয়াত হন ধর্মেন্দ্র।

বাবার মৃত্যুতে শোকস্তব্ধ দুই পুত্র সানি দেওল ও ববি দেওল এতদিন কোনো পোস্ট করেননি। তবে বিশেষ এই দিনটিতে আবেগ ধরে রাখতে পারলেন না ববি। বাবার স্মৃতিতে তিনি লিখেছেন, 'আমার প্রিয় বাবা এবং আমাদের প্রিয় ধরম, তোমার কথা ভেবেই আমি এই লেখাটি লিখছি। তুমি আমাদের সকলকে যে ভালোবাসা দিয়েছো, পৃথিবীর আর কোথাও সেই ভালোবাসা নেই।'

ববি আরও লেখেন, 'তুমি আমাদের প্রতিটি হাসি, প্রতিটি অশ্রুবিন্দুতে আমাদের পাশে দাঁড়িয়েছো। প্রতিটি কষ্টে তোমার হাত বাড়িয়েছো। যা কেবল আমাদের ধরমই করতে পারে।'

কিংবদন্তি অভিনেতার তারকা হয়ে ওঠার গল্প নিয়েও লিখেছেন পুত্র ববি। তিনি উল্লেখ করেছেন, 'যখন তুমি তারকা হয়ে উঠলে, তখন তুমি সকলকে সঙ্গে নিয়ে এগিয়ে গিয়েছিলে, তাদের হাত ধরে। কারও হাত ছাড়োনি। তুমি গর্বের সঙ্গে দেশের নাম উজ্জ্বল করেছো। তুমি সকলের কাছে 'হি-ম্যান'।'

ববি আরও লেখেন, 'একজন মানুষ, কিন্তু ছোটবেলা থেকেই তুমি আমার নায়ক। তোমার কাছ থেকেই আমি স্বপ্ন দেখতে শিখেছি। তোমার থেকেই আমি আত্মবিশ্বাসী হতে শিখেছি। তোমার মূল্যবোধের কারণেই আমরা দেওল হয়েছি।'

শেষে লিখেছেন, 'হৃদয় হলেও তোমার মতো হতে হয়। ভালোবাসালেও তোমার মতোই বাসতে হয়। মানুষ হলেও তোমার মতো হতে হয়। তুমি আমার বাবা, কিন্তু তুমি আমাদের সকলের ধরম। তোমার সন্তান হতে পেরে আমি গর্বিত। শুভ জন্মদিন, আমার প্রিয় বাবা। আমি তোমাকে আজীবন ভালোবাসব।'

## মেয়ে আরাধ্যার নামে ভুয়া আইডি, ক্ষুব্ধ ঐশ্বরিয়া

স্টাফ রিপোর্টার, রোজদিন



সোশ্যাল মিডিয়ায় মেয়ে আরাধ্যার নামে ছড়াচ্ছে ভুয়া আইডি-এ ঘটনায় বিরক্তি প্রকাশ করেছেন বলিউড তারকা ঐশ্বরিয়া রাই বচ্চন। সম্প্রতি এক চলচ্চিত্র উৎসবের অনুষ্ঠানে অংশ নিয়ে তিনি স্পষ্ট জানিয়ে দেন, তার মেয়ে আরাধ্যার কোনো সোশ্যাল মিডিয়া অ্যাকাউন্ট নেই।

ঐশ্বরিয়া বলেন, "আমার মেয়ে আরাধ্যার সোশ্যাল মিডিয়ায় কোনো অ্যাকাউন্ট নেই। যেসব প্রোফাইল দেখা যাচ্ছে, সেগুলো সম্পূর্ণ ভুয়া। আমি জানি, আপনারা আমাকে, অভিষেক এবং পুরো পরিবারকে অনেক ভালোবাসেন। কিন্তু যা দেখবেন বা শুনবেন, সব সময় তা বিশ্বাস করবেন না।"

এর আগে নিজস্ব ছবি অশ্লীল কনটেন্টে ব্যবহার হওয়া নিয়ে আদালতের দ্বারস্থ হয়েছিলেন অভিনেত্রী। এবার মেয়ের পরিচয়ে ছড়ানো ভুয়া অ্যাকাউন্ট নিয়েও সতর্ক করলেন ভক্তদের।

অনুষ্ঠানে উপস্থিত দর্শকদের উদ্দেশে সাবেক এই বিশ্বসুন্দরী আরও বলেন, "দিনের একটি নির্দিষ্ট সময়ের পর সোশ্যাল মিডিয়া থেকে দূরে থাকার চেষ্টা করুন। এতে নিজেকে খুঁজে পাবেন, নিজেকে সময় দিতে পারবেন। সোশ্যাল মিডিয়ায় অতিরিক্ত আসক্তি জীবনে সমস্যা তৈরি করতে পারে। তাই যতটা পারেন এ থেকে দূরত্ব বজায় রাখুন।"

তার মতে, সোশ্যাল মিডিয়া কম ব্যবহার করলেই মানসিক স্বাস্থ্যের উন্নতি হয় এবং জীবনও আরও ভালোভাবে এগিয়ে যায়।

## 'কোনো রাজনৈতিক দলের অংশ হতে চাই না'



স্টাফ রিপোর্টার, রোজদিন

সম্প্রতি 'রঘু ডাকাত' ছবির প্রচারের সময় তৃণমূল নেতার সঙ্গে সোহিনীর সরকারের নাচের একটি ঘটনাকে কেন্দ্র করে টালিউডের অভিনেত্রীর রাজনীতিতে যোগদাদের গুঞ্জন শুরু হয়েছে। এই প্রসঙ্গে তৃণমূলের মুখপাত্র কুণাল ঘোষ অভিনেত্রীকে নিয়ে তির্যক মন্তব্যও করেছিলেন।

অবশেষে নিজের অবস্থান পরিষ্কার করলেন সোহিনী সরকার। ভারতীয় গণমাধ্যমে দেওয়া এক সাক্ষাৎকারে তিনি সরাসরি জানিয়ে দিয়েছেন রাজনীতিতে তার যোগদানের ব্যাপারে।

সোহিনী বলেন, 'আমার কাছে যদি প্রস্তাব আসে, আমি তবুও কোনোভাবেই, কোনো অর্থেই, কোনো রাজনৈতিক দলে যোগদান করতে চাই না। তৃণমূল হোক বা কংগ্রেস, বিজেপি হোক অথবা সিপিএম আমি কোনো রাজনৈতিক দলের অংশ হতে চাই না।'

'আমি যদি কখনো রাজনৈতিক দলের অংশ হয়ে যাই, তাহলে আমার আর কিছু বলার থাকবে না। আমাকে তখন পুরোপুরি চুপচাপ হয়ে যেতে হবে।'

সাম্প্রতিক বছরগুলোতে দেখা গেছে, ছোট ও বড় পর্দার বহু তারকাই সক্রিয়ভাবে রাজনৈতিক দলের সঙ্গে যুক্ত হচ্ছেন। দেব থেকে শুরু করে মিঠুন চক্রবর্তীর মতো বড় তারকারাও এখন সক্রিয়ভাবে রাজনীতি করছেন।

# দুবাইতে উত্তপ্ত বাদানুবাদে জড়ালেন ভারতীয় বক্সার নীরজ গোয়াট

স্টাফ রিপোর্টার, রোজদিন

বিদেশের মাটিতে ভারতের বদনাম হল বলে অভিযোগ। আর সেটা কোনও সাধারণ মানুষ করেননি। বরং সেটি করেছেন ভারতীয় বক্সার নীরজ গোয়াট। এমন ভাষা তিনি ব্যবহার করলেন যা নিয়ে এখন সমালোচনার ঝড় উঠেছে সোশ্যাল মিডিয়ায়। দুবাইতে এক অযথা সংঘর্ষের মুখে পড়ে এমনই কাজ করেছেন ভারতীয় বক্সার নীরজ গোয়াট বলে অভিযোগ।

এছাড়া আন্তর্জাতিক ক্রীড়া মঞ্চে ভারতের অন্যতম বিশিষ্ট বক্সার মুখ নীরজ গোয়াট। সেখানে তাঁর এমন আচরণ একেবারেই বেমানান বলে অনেক নেটাগরিকদের দাবি। তাঁর সঠিক আচরণ এবং লড়াইয়ের মনোভাবের জন্য তিনি সবার কাছেই প্রশংসিত। সেখানে দুবাইয়ের এই পর্বটি অফ-রিংয়ের একটি বিরল ঘটনা বলে তুলে ধরা হচ্ছে। তবে এটি প্রতিযোগিতামূলক ক্ষেত্র ছাড়িয়েও অভিজাত ক্রীড়াবিদদের চাপ এবং আবেগের কথাও এখন সামনে নিয়ে আসছে। যাতে তাঁর অনুরাগীরাও মিশ্র প্রতিক্রিয়া




দিয়েছেন সোশ্যাল মিডিয়ায়।রোজকার অনুশীলনের সময় অন্য একজন অ্যাথলিটের সঙ্গে উত্তপ্ত বাক্য বিনিময়ে জড়িয়ে পড়েন তিনি। আর তাতে উত্তেজনা তৈরি হয়। গোয়াট তাঁর অনুশীলন শেষ করে সাক্ষাৎকার দেওয়ার জন্য যখন নীচে নামছিলেন তখন তর্কাতর্কি চরমে ওঠে।

এদিকে ভারতীয় বক্সার নিজের ক্ষোভ নিয়ন্ত্রণে রাখতে পারেননি বলে অভিযোগ। আর তার জেরে নিজের দেশের নাম জড়িয়ে কুকথা বলেন অপর অ্যাথেলেটকে বলে অভিযোগ। এই নিয়ে চরম উত্তপ্ত বাক্য বিনিময় হয় দু'পক্ষের মধ্যে। সোশ্যাল মিডিয়ায় ছড়িয়ে পড়া ভিডিও'র দৃশ্য অনুযায়ী, নীরজ গোয়াট এবং অন্য একজন ক্রীড়াবিদের মধ্যে মতবিরোধের জেরে এমন পরিস্থিতি তৈরি হয়। তবে কী কারণে বিবাদ হয়েছিল সেটা এখনও স্পষ্ট নয়। এখানেই উত্তপ্ত বাক্য বিনিময়ের মধ্যেই তা গালিগালাজে পৌঁছে যায়। যা আশেপাশের লোকদের দৃষ্টি আকর্ষণ করে। রিংয়ের ভিতরে এবং বাইরে তাঁর সংযত মনোভাবের জন্য পরিচিত নীরজ ক্ষেপে উঠে গালিগালাজ করেন বলে অভিযোগ। তবে উস্কানির জেরে এমন ঘটেছে বলে অনেকের মত।

অন্যদিকে বেশ কয়েকজন ক্রীড়াবিদের অভিযোগ, পরিস্থিতি যাইহোক গালিগালাজ করা উচিত নয়। কারণ তাতে দেশের বদনাম হয়। নীরজ গোয়াটকে কড়া ভাষা ব্যবহার করতে শোনা যায়, 'ইন্ডিয়া তেরা বাপ হ্যায়' এই বাক্য ব্যবহার করতেই পরিস্থিতি অগ্নিগর্ভ হয়ে ওঠে। এই মন্তব্যটি মুহূর্তের মধ্যে তাঁর ক্ষোভকে সামনে নিয়ে আসে এবং বাদানুবাদের তীব্রতাকে তুলে ধরে, যা সাধারণত পেশাদার প্রশিক্ষণের সঙ্গে সম্পর্কিত সুশৃঙ্খল পরিবেশের সম্পূর্ণ বিপরীত। উত্তপ্ত এই বাক্য বিনিময় হলেও, পরিস্থিতি মারামারিতে পরিণত হয়নি। তারপর ভারতীয় বক্সার গোয়াট সেখান থেকে তাঁর নির্ধারিত সাক্ষাৎকারে যোগ দিতে চলে যান। এই ঘটনাটি সোশ্যাল মিডিয়ায় আলোচনার ঝড় তুলে দিয়েছে।

## সানি লিওনের ছবি পোস্ট করে সমালোচনার মুখে অশ্বিন




স্টাফ রিপোর্টার, রোজদিন

ভারতের কিংবদন্তি স্পিনার রবিচন্দ্রন অশ্বিন ক্রিকেট ছাড়ার পরও নানা মন্তব্য ও বিশ্লেষণে আলোচনায় থাকেন। তবে এবার তিনি আলোচনায় এসেছেন সামাজিক মাধ্যম এক্সে (সাবেক টুইটার) ভারতীয় অভিনেত্রী সানি লিওনের একটি ছবি শেয়ার করায়। তার এই পোস্ট ভারতীয়দের মধ্যে বেশ সাড়া ফেলেছে। ৯ ডিসেম্বর অশ্বিন দুটি ছবি কোলাজ করে শেয়ার করেন—এক পাশে সানি লিওন, আরেক পাশে চেন্নাইয়ের সাধু স্ট্রিট। প্রথম দেখায় বিভ্রান্তি তৈরি হলেও ভক্তরা দ্রুতই তার পোস্টের আসল ইঙ্গিত ধরে ফেলেন।

এনডিটিভির প্রতিবেদনে বলা হয়েছে, অশ্বিনের এই রসবোধপূর্ণ পোস্টটি আসলে তামিলনাড়ুর তরুণ অলরাউন্ডার সানি সাধুকে উদ্দেশ্য করে করা। সানি লিওনের নামের প্রথম অংশ এবং সাধু স্ট্রিট মিলিয়ে 'সানি সাধু' হওয়ায় তিনি এমন মজার কোলাজ করেছেন।

সানি সাধু সম্প্রতি সৈয়দ মুশতাক আলি টি-টোয়েন্টি ট্রফিতে নিজের অভিষেক ম্যাচ খেলেন। ৮ ডিসেম্বর আহমেদাবাদের নরেন্দ্র মোদি স্টেডিয়ামে সৌরাষ্ট্রের বিপক্ষে ম্যাচে দ্বিতীয় ম্যাচেই তামিলনাড়ুর হয়ে ৯ বলে ৩০ রানের ঝোড়ো ইনিংস খেলে দলকে জয়ে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখেন। সাই সুদর্শনের (৫৫ বলে অপরাজিত ১০১) সঙ্গে তিনি ৩৭ রানের জুটি গড়েন।

ক্রিকেটপ্রেমীদের ধারণা, অশ্বিনের এই পোস্টের উদ্দেশ্য ছিল ২২ বছর বয়সী এই প্রতিভাবান অলরাউন্ডারকে উৎসাহ দেওয়া। আসন্ন আইপিএল ২০২৬ মিনি নিলামের জন্য ইতোমধ্যে নাম নিবন্ধন করেছেন সানি সাধু। অশ্বিনের পোস্টে তার নাম আলোচনায় আসায় তাকে দলে নিতে আরও কয়েকটি ফ্র্যাঞ্চাইজি আগ্রহী হতে পারে। তার ভিত্তিমূল্য রাখা হয়েছে ৩০ লাখ রুপি।

এদিকে সোমবার শেষ হয়েছে সৈয়দ মুশতাক আলি ট্রফির লিগ পর্ব। সুপার লিগে গ্রুপ 'এ' থেকে মুম্বাই ও অন্ধ্র, 'বি' থেকে হায়দরাবাদ ও মধ্যপ্রদেশ, 'সি' থেকে পাঞ্জাব ও হরিয়ানা এবং 'ডি' থেকে রাজস্থান ও ঝাড়খণ্ড জায়গা করে নিয়েছে। সুপার লিগে দুটি গ্রুপে ভাগ হয়ে দলগুলো প্রতিদ্বন্দ্বিতা করবে, এবং দুই গ্রুপের শীর্ষ দল ১৮ ডিসেম্বর পুনেতে ফাইনালে মুখোমুখি হবে।

## টানা দ্বিতীয়বার সেরা খেলোয়াড় মেসি

স্টাফ রিপোর্টার, রোজদিন

লিওনেল মেসি যেন থামতেই জানেন না। আবারও ইতিহাস গড়ে মেজর লিগ সকারের (এমএলএস) সেরা খেলোয়াড়ের (এমভিপি) মুকুট জিতলেন আর্জেন্টাইন মহাতারকা। টানা দ্বিতীয়বার এই পুরস্কার জিতে এমএলএস ইতিহাসে প্রথম খেলোয়াড় হিসেবে অনন্য রেকর্ড গড়লেন ৩৮ বছর বয়সী ফুটবল জাদুকর।

ইন্টার মায়ামির হয়ে দুর্দান্ত এক মৌসুম কাটিয়েছেন মেসি। লিগে সর্বোচ্চ ২৯ গোল ও ১৯ অ্যাসিস্ট করে দলকে এমএলএস কাপ জেতাতে বড় ভূমিকা রাখেন তিনি। এমএলএস-এ এক মৌসুমে এটি চতুর্থ সর্বোচ্চ গোলের রেকর্ডও।

পুরস্কার পেয়ে উচ্ছ্বসিত মেসি বলেন, "এই পুরস্কার পেয়ে আমি সত্যিই খুশি। টানা দুই বছর জিতে এমএলএস ইতিহাসে প্রথম হতে পেরে গর্বিত। এই সম্মান আমি আমার সতীর্থদের সঙ্গে ভাগ করে নিচ্ছি। তাদের ছাড়া কিছুই সম্ভব হতো না।"

এর আগে, এমএলএস ইতিহাসে



দুইবার এমভিপি জেতার রেকর্ড ছিল কেবল প্রেকির-১৯৯৭ ও ২০০৩ সালে।

ইন্টার মায়ামিতে যোগ দেওয়ার পর থেকেই আলো ছড়িয়ে যাচ্ছেন মেসি। ২০২৪ মৌসুমে ১৯ ম্যাচে ২০ গোল ও ১৬ অ্যাসিস্ট করে জিতেছিলেন আগের এমভিপি। ২০২৩ সালে পিএসজি থেকে মায়ামিতে যোগ দিয়েই প্রথম মৌসুমে দলকে এনে দেন লিগস কাপ। পরে আরেক মৌসুমে ৭৪ পয়েন্ট নিয়ে সাপোর্টার্স শিল্ড জিতাতেও গুরুত্বপূর্ণ ভূমিকা রাখেন ফুটবল ইতিহাসের অন্যতম সেরা এই তারকা।

টানা দুই বছর শীর্ষে থেকে মেসি আবারও প্রমাণ করলেন এখনও তিনি ফুটবলের সেরাদের সেরা। আরও দেখার বাকি আছে মেসি জাদু!

● স্বত্বাধিকারী, প্রকাশক এবং মুদ্রক : মৃত্যুঞ্জয় সরদার কর্তৃক প্রকাশিত এবং ১৬বি, নবীন কুন্ডু লেন, কলেজ রো, কলেজ স্ট্রীট, কলকাতা-৭০০০০৯ এবং ১৯ডি, জামির লেন, কলকাতা-৭০০০১৯ থেকে ডিজিটাল মুদ্রিত ● সম্পাদক : মৃত্যুঞ্জয় সরদার, ফোন : ৯৫৬৪৩৮২০৩১
● Printed, Published and Owned by MRITYUNJOY SARDAR ● Printed by Queen Press - Hedia, P.O. : Uttar Moukhali, P.S. : Jibantala, Dist. : South 24 Parganas, Pin : 743329
and Published at 16 B, Nabin Kundu Lane, College Row, College Street, Kolkata -700009 & 19D, Jamir Lane, Kolkata -700 019 ● Phone : 9564382031 Email : durodristhi@gmail.com Editor : MRITYUNJOY SARDAR